| “ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ” |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
বাবুগঞ্জ, বরিশাল
doict.babuganj.barisal.gov.bd

# উপজেলা আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভার কার্যবিবরণী জুলাই/২০২২খ্রি.

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আমীনুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ১৪ জুলাই ২০২২খ্রি. বেলা ২:০০ টা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট “ক” |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, উন্নত দেশের মত প্রযুক্তির উপযুক্ত ব্যবহার ও দেশের অব্যাহত উন্নয়ন নিশ্চিত করার জন্য তথ্য প্রযুক্তি সম্পর্কিত গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে উপজেলা আইসিটি কমিটি গঠন করা হয়েছে। এক্ষেত্রে উপজেলা আইসিটি বিষয়ক কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। স্বাস্থ্য বিধি অনুসরণ করে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

## সভার আলোচনা এবং সিদ্ধান্ত

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | জাতীয় তথ্য বাতায়নের তথ্য হালানাগাদকরনঃ<br>**ক) উপজেলা সরকারি অফিসঃ**<br>উপজেলা সরকারি অফিস সমূহের নিজস্ব ওয়েব পোর্টাল হালনাগাদ করা নিয়মিতভাবে একান্ত প্রয়োজন। হালানাগাদ করণের সকল কারিগরি সাহায্য উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর দিয়ে থাকে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে তথ্যের সহজলভ্যতা করার প্রতিটি অফিসের আইনগত বাধ্যবাধকতা রয়েছে।<br><br>**খ) ইউনিয়ন পোর্টালঃ**<br>ডিজিটাল বাংলাদেশের নাগরিক সুবিধা গ্রাম গঞ্জে পৌছে দেয়ার জন্য বর্তমান সরকার বদ্ধপরিকর। নাগরিক সেবা জনগনের দোরগোড়ায় পৌছে দেয়ার জন্য বাংলাদেশের প্রতিটি ইউনিয়নের জন্য রয়েছে জাতীয় তথ্য বাতায়ন। ইউনিয়নের সকল তথ্য হালানাগাদ থাকা একান্ত জরুরী। | **১.১** বর্তমানে বাবুগঞ্জ উপজেলার প্রায় সকল অফিস সমূহের ওয়েবপোর্টালের তথ্য হালানাগাদ এবং নাগরিক সেবার তথ্যাবলী খুবই কম।<br>এমতাবস্থা সকল সরকারি অফিসের কর্মকর্তাদের নিজস্ব পোর্টালে তথ্য অতি দ্রুত সন্নিবেশিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>**১.২** ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের ইউনিয়ন পোর্টালের তথ্য হালানাগাদ করণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>**১.৩** প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের জন্য বাবুগঞ্জ উপজেলাধীন আইসিটি অধিদপ্তরের দায়িত্ব প্রাপ্ত সহকারী প্রোগ্রামার এর সাথে যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। যোগাযোগের ঠিকানা মোবাঃ ০১৩০৩৬৪৩২৩৮ ই-মেইলঃ doictbabuganj@gmail.com | স্ব-স্ব সরকারি অফিসের প্রতিষ্ঠান প্রধান, ইউনিয়ন চেয়ারম্যান ও কারিগরী সহায়তায় সহকারী প্রোগ্রামার |
| ২ | দাপ্তরিক সকল চিঠি/পত্র, নথি, নোট ই-নথির মাধ্যমে প্রেরণ ও ব্যবহার নিশ্চিত করণ সম্পর্কিতঃ<br>ডিজিটাল অফিস ব্যস্থাপনা সময় ও অর্থ উভয় সাশ্রয় করে। জবাদিহিতা ও স্বচ্ছতার নিশ্চয়তা দিয়ে থাকে। ই-নথি ব্যবস্থাপনা এমনি একটি সিস্টেম যার মাধ্যমে খুব সহজেই মন্ত্রনালয় এবং এর দপ্তর সমূহের মধ্যে চিঠি পত্র প্রেরণ করা যায়। করোনা পরিস্থিতিতে ই-নথি সিস্টেম একটি যুগান্তকারী প্লাটফর্ম হিসেবে কাজ করছে। অনলাইনে এক অফিস থেকে অন্য অফিসে নথি প্রেরণ করে সামাজিক দূরত্ব নিশ্চিত করা যাচ্ছে। | ২.১ উপজেলার সকল সরকারি অফিস সমূহকে ই-নথিতে চিঠি পত্র প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>২.২ ইতোমধ্যে উপজেলার অফিস প্রধানদের ই-ফাইলিং এর উপর প্রশিক্ষন প্রদান করা হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল কার্যালয়ের ব্যবস্থাপনায় ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় আগামী ২৪-২৬ জানুয়ারি ২০২২খ্রি. তারিখে ৩ দিন ব্যাপী বিকাল ২:০০-৫:০০ পর্যন্ত **উপজেলা পর্যায়ে ই-নথির ২য় সংস্করণ ডি-নথি বিষয়ক অনলাইন প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।**<br>২.৩ যে সকল অফিস সমূহ লাইভে রয়েছে তাদেরকে আব্যশিকভাবে ই-নথিতে পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। এবং যাদের লাইভে অফিস সংযুক্ত নয় তাদেরকে লাইভে সংযুক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সহকারী প্রোগ্রামারকে নির্দেশ প্রদান করা হয়।<br>২.৪ বাবুগঞ্জ উপজেলার সরকারি বিভিন্ন দপ্তরের লাইভ অফিস সমূহঃ-<br>● উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাবুগঞ্জ, বরিশাল | স্ব-স্ব সরকারি অফিসের অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার। |

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | • উপজেলা সমাজসেবা কার্যালয়, বাবুগঞ্জ, বরিশাল<br>• উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাবুগঞ্জ, বরিশাল<br>• উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বাবুগঞ্জ, বরিশাল<br>• উপজেলা ভূমি অফিস, বাবুগঞ্জ, বরিশাল<br>• তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল<br>• উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বাবুগঞ্জ, বরিশাল<br>• উপজেলা শিক্ষা অফিস, বাবুগঞ্জ, বরিশাল<br>• উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাবুগঞ্জ, বরিশাল | |
| ৩ | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের আয় ও সেবা প্রদান সম্পর্কেঃ<br>ইউনিয়ন ডিজিটাল সেন্টার ডিজিটাল বাংলাদেশের একটি যুগোপোযোগী প্রকল্প। ইউডিসি এর মাধ্যমে সরকারি সেবা এখন নাগরিকদের দোরগোড়ায় পৌছে যাচ্ছে। একসেবা https://eksheba.gov.bd/ যেখানে সকল সেবা একসাথে রয়েছে। ইয়নিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগনের মাধ্যমে সরকারে ডিজিটাল সেবা জনগনের কাছে পৌছে যাচ্ছে। | ৩.১ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সকল উদ্যোক্তা নিয়মিত ভাবে তাদের আয়-ব্যয় এবং প্রদানকৃত সেবার তালিকা একসেবা ওয়েব সাইটে হালানাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উদ্যোক্তা ইউনিয়ন ডিজিটাল সেন্টার জাহাঙ্গীরনগর/ কেদারপুর/ দেহেরগতি/ চাঁদপাশা/ রহমতপুর/ মাধবপাশা |
| ৪ | সরকারি অফিসের সকল নোটিশ, বিভিন্ন সভা, সেমিনারের কার্যবিবরনী ওয়েব সাইটে প্রদর্শণ সম্পর্কিতঃ<br>bangladesh.gov.bd এশিয়া মহাদেশের_সব থেকে বৃহৎ সরকারি ওয়েব পোর্টাল। মন্ত্রনালয়, বিভাগ, অধিদপ্তর থেকে শুরু করে উপজেলা, জেলা, ইউনিয়ন পর্যন্ত সরকারি সকল অফিসের জন্য ওয়েব পোর্টাল রয়েছে। বাবুগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব পোর্টাল babuganj.barisal.gov.bd থেকে উপজেলার সকল তথ্য পাওয়া যাচ্ছে। তেমনি প্রতিটি দপ্তরের আলাদা ওয়েব পোর্টাল রয়েছে সেখানে নোটিশ, কর্মকর্তা/কর্মচারীদের তথ্য, সিটিজেন চার্টার সহ বিভিন্ন তথ্য সংযোজন করা যায়। জনসেবায় তথ্যের অবাধ সরবরাহ সহ তথ্য অধিকার আইনের বাস্তবায়ন জাতীয় তথ্য বাতায়ন। | ৪.১ সভাপতি সরকারি সকল অফিসের কার্যক্রম যেমন নোটিশ, কার্যবিবরনী, কর্মকর্তা/কর্মচারীদের হালনাগাদ তথ্য, সিটিজেন চার্টার জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত করার জন্য নির্দেশ প্রদান করেন।<br><br>৪.২ জাতীয় তথ্য বাতায়নের সকল কারিগরি সমস্যার জন্য উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ের সহকারী প্রোগ্রামারকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>৪.৩ উল্লেখ্য উপজেলার সরকারি অফিস সমুহে ওয়েব পোর্টালের উপর প্রশিক্ষন দেয়া হয়। সভাপতি ও উপস্থিত সদ্যসবৃন্দ আরো প্রশিক্ষণ প্রয়োজন বলে মতামত ব্যক্ত করেন। | স্ব -স্ব সরকারি অফিসের অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার। |
| ৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়): | ৫.১ ২০২১-২২ অর্থ বছরে বাবুগঞ্জ উপজেলায় আইসিটি অধিদপ্তরের শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় ৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন ও ১ টি প্রতিষ্ঠানে শেখ রাসেল স্কুল অব ফিউচার স্থাপন করা হয়।<br>৫.২ উক্ত প্রকল্পের আওতায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান নির্দেশিকা মোতাবেক নিজ তত্ত্বধানে ল্যাবের রেনোভেশন কার্যক্রম সম্পন্ন করে। প্রতিষ্ঠান প্রধানগণ ল্যাব রেনোভেশন কার্যক্রমের খরচ বাবদ বিল ভাউচার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদান করেন।<br>৫.৩ ল্যাব রেনোভেশন কার্যক্রমের বরাদ্দ হিসাবরক্ষণ অফিসে বিল পাশের জন্য জমা করা হয়েছে।<br>**শিক্ষা প্রতিষ্ঠানে তালিকা:**<br>**আগরপুর আলতাফ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয় (SRDL+SOF)**<br>বাহেরচর ক্ষুদ্রকাঠি কে, কে, মাধ্যমিক বিদ্যালয়<br>রহমতপুর মাধ্যমিক বিদ্যালয়<br>জাহাপুর মাধ্যমিক বিদ্যালয় | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার |

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | কেদারপুর সোনার বাংলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | |
| | | চাদপাশা ইউপি মাধ্যমিক বিদ্যালয় | |
| | | শহীদ ক্যাপ্টেন জাহাঙ্গীর (বীরশ্রেষ্ঠ) মাধ্যমিক বিদ্যালয় | |
| | | পূর্ব চাদপাশা মাধ্যমিক বিদ্যালয় | |
| | | বায়লাখালি মাধ্যমিক বিদ্যালয় | |
| | | ডিক্রিরচর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় | |
| | | পশ্চিম ভুতেরদিয়া আলিম মাদ্রাসা | |
| | | সবুজ বাংলা মাধ্যমিক বিদ্যালয় | |


সভাপতি সকলকে সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, করোনা প্রাদুর্ভাবে ডিজিটাল প্লাটফরম ব্যবহার করে যদি সকল কার্যক্রম নিশ্চিত করা যায় তাহলে যেমন সামাজিক দূরত্ব নিশ্চিত করা যাবে। একদিকে যেমন সংক্রামনের ঝুঁকি কমে যাবে তেমনি সকল কার্যক্রম গ্রহনের ফলে সরকারি সেবার নিশ্চয়তা বৃদ্ধি পাবে। তিনি আরো বলেন ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকার যে সকল কার্যক্রম গ্রহণ করেছে তা মাঠ পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও তিনি ডিজিটাল সেন্টার থেকে স্বল্প মূল্যে কম্পিউটার প্রশিক্ষণ ও সেবা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান।

স্বাক্ষরিত/-
(মোঃ আমীনুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি।

স্মারক নং-৫৬.০৪.০৬০৩.০০০.০৬.০০১.২১-৩১ তারিখঃ ৩০ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ / ১৪ জুলাই ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় সংসদ সদস্য, ১২১ বরিশাল-৩
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. জেলা প্রশাসক, বরিশাল।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল।
৭. জনাব......................................................................, সদস্য, উপজেলা আইসিটি বিষয়ক কমিটি।



(বিপ্লব চন্দ্র দেবনাথ)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
বাবুগঞ্জ, বরিশাল
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি।